গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

**বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর বাস্তবায়ন কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৫ম সভার কার্যবিবরিণী।**

সভাপতি : মোঃ মকবুল হোসেন

সভার তারিখ : ২৪ মে, ২০২১ খ্রিঃ

সভার সময় : বিকাল ০৩.০০ টা

স্থান : যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের সম্মেলনকক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের উদ্ভাবনী কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে ২৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ টায় নিবন্ধক ও চিফ ইনোভেশন অফিসার, আরজেএসসি-এর সভাপতিত্বে আরজেএসসি'র ইনোভেশন টিমের সকল সদস্যদের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নের ছকে তুলে ধরা হলঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | ইনোভেশন টিমের সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নঃ<br>**ক)** বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ।<br>**খ)** উদ্ভাবন কর্মপরিকল্পনা মহামারী/ আপদকাল মোকাবেলার সাথে সম্পৃক্ততা ।<br>**গ)** বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ।<br>**ঘ)** বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ। | **আলোচনাঃ** জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত নির্দেশনা ও ছক অনুযায়ী ২০২০-২১ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ৩০/০৭/২০২০ তারিখে প্রণয়ন করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগে ০৪/০৮/২০২০ তারিখে প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা তথ্য বাতায়নে ১০/০৮/২০২০ তারিখে প্রকাশ করা হয়েছে এবং এর অর্ধবার্ষিকী প্রতিবেদন ফেব্রুয়ারী মাসে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্তঃ** উদ্ভাবন সংক্রান্ত সকল তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। | ইনোভেশন টিম | বাস্তবায়িত |
| ২ | ইনোভেশন টিমের সভাঃ<br>**ক)** ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান<br>**খ)** ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | **আলোচনাঃ**<br>জনাব সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস সভাকে অবহিত করেন যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী বছরে ৬ টি সভা অনুষ্ঠান করার পরিকল্পনা গৃহীত হয়েছে যার মধ্যে ৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>**সিদ্ধান্তঃ ক.** আগামী জুন/২১ মাসে ইনোভেশন টিমের আরো ১ টি সভার আয়োজন করতে হবে।<br>**খ.** ইনোভেশন টিমের সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য মনিটরিং করার সিদ্ধান্ত নেওয়া হয়। | ইনোভেশন টিম | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | উদ্ভাবন খাতে (কোড নম্বর-3257105) বরাদ্দঃ<br>**ক)** উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ<br>**খ)** উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় | **আলোচনাঃ**<br>জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ বছরে উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে মোট ১২ (বার) লক্ষ টাকা বাজেট বরাদ্দ দেয়া হয়েছে। বরাদ্দকৃত টাকা উদ্ভাবন সংক্রান্ত কর্মশালা, সেমিনার, প্রশিক্ষন, উদ্ভাবকগণকে পুরস্কার প্রদান এবং উদ্ভাবকগণকে শিক্ষা সফরে প্রেরণের কাজে ব্যয় করতে হবে যা থেকে ইতোমধ্যে কর্মশালা, সেমিনার, প্রশিক্ষন এবং উদ্ভাবকগণকে শিক্ষা সফরে প্রেরণের কাজে প্রায় ০৮ (আট) লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।<br>**সিদ্ধান্তঃ** উদ্ভাবন খাতে বরাদ্দকৃত অবশিষ্ট অর্থ উদ্ভাবনী ধারণাসমূহ বাস্তবায়নের কার্যক্রমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয় । | জনাব জিকরা আমিন, প্রোগ্রামার | |
| ৪ | স্বীকৃতি বা প্রণোদনা প্রদানঃ<br>**ক)** উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ক্রেস্ট/ পুরস্কার প্রদান<br>**খ)** উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিংপ্রোগ্রামে প্রেরণ | **আলোচনাঃ**<br>ক) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী উদ্ভাবন ধারণা এবং এর বাস্তবায়নে প্রশংসিত ভূমিকা পালনের জন্য উদ্ভাবকগণকে সনদপত্র/ক্রেস্ট/ পুরস্কার [illegible]ান করার লক্ষ্যে গঠিত ০৩(তিন) সদস্য বিশিষ্ট বাছাই কমিটির গত ২৪/০৫/২০২১ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত সভার প্রতিবেদন অনুযায়ী জনাব আবু ইসা মোহাঃ মোস্তফা ভূঁইয়া, উপ নিবন্ধক এবং জনাব মুহাম্মদ সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস-কে ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবনী পুরষ্কারের জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে।<br>খ) গত ০৬/০৩/২০২১ খ্রিঃ ও ০৭/০৩/২০২১ খ্রিঃ তারিখে সিলেটে উদ্ভাবকগণের শিক্ষা সফর আয়োজন করা হয়েছে।<br>**সিদ্ধান্তঃ** বাছাই কমিটির প্রতিবেদন অনুযায়ী মনোনীত উদ্ভাবকগণকে সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয় । | ইনোভেশন টিম | |
| ৫ | তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ<br>**ক)** ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/ হালনাগাদকরণ<br>**খ)** বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড/ হালনাগাদকরণ<br>**গ)** বাস্তবায়িত ডিজিটাল-সেবার তথ্যআপলোড/ হালনাগাদকরণ | **আলোচনাঃ**<br>জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারের তথ্য নিয়মিত হালনাগাদকরণ করা হচ্ছে।<br>**সিদ্ধান্তঃ** তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণ করতে হবে। | জনাব জিকরা আমিন, প্রোগ্রামার | চলমান |
| ৬ | ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়নঃ<br>**ক)** ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা | **আলোচনাঃ**<br>বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এ পরিদপ্তরে একটি ডিজিটাল সেবা (পেমেন্ট গেইটওয়ে) তৈরি ও বাস্তবায়ন করা হয়েছে যার ফলে সিটি ব্যাংকের অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ডেবিট/ক্রেডিট কার্ড এর মাধ্যমে ঘরে বসেই সেবার ফিস প্রদান করা সম্ভব হচ্ছে। | ইনোভেশন টিম | বাস্তবায়িত |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | সেবা সহজিকরণঃ<br>**ক)** ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন<br>**খ)** ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণ সারাদেশে সম্প্রসারণ/ রেপ্লিকেশন | **আলোচনাঃ**<br>জনাব মুহাম্মদ সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস সভাকে অবহিত করেন যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী একটি সেবা পদ্ধতি সহজিকরণ করা হয়েছে যার ফলে বন্ধকের বিবরণী (Mortgage) বা চার্জ নিবন্ধন সার্টিফিকেট ও নিবন্ধিত কোম্পানির নাম পরিবর্তনের সার্টিফিকেট ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে আবেদনকারীর ই-মেইলে সরাসরি প্রেরণ করা হচ্ছে। তিনি আরো উল্লেখ করেন যে, গত ১৪/১০/২০২০ খ্রিঃ তারিখে এই সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ করা হয়েছে এবং সফলভাবে পাইলটিং বাস্তবায়নের পর গত ২৪/১২/২০২০ খ্রিঃ তারিখে একটি পরিপত্রও জারি করা হয়েছে। | জনাব মুহাম্মদ সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস | বাস্তবায়িত |

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাই-কে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.৫.২০২২

মোঃ মকবুল হোসেন
নিবন্ধক

স্মারক নম্বর: ২৬.০৬.০০০০.০৯৩.০১.০৭২.১৯. ১১১১

তারিখ: ৩১/০৫/২০২২ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) জনাব মোঃ মকবুল হোসেন, চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম ২০২০-২১, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
২) জনাব সন্তোষ কুমার পন্ডিত, সদস্য, ইনোভেশন টিম ২০২০-২১, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর,ঢাকা।
৩) জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম, সদস্য, ইনোভেশন টিম ২০২০-২১, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর,ঢাকা।
৪) জনাব জিকরা আমিন, প্রোগ্রামার, সদস্য সচিব, ইনোভেশন টিম ২০২০-২১,যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর,ঢাকা।
৫) জনাব মুহাম্মদ সেলিম মিয়া, সদস্য, ইনোভেশন টিম ২০২০-২১, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর,ঢাকা।